



শিশু রামিসা হত্যা মামলার রায়ে সন্তোষ প্রকাশ স্বপ্নার বাবা



ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে শিশু রামিসাকে ধর্ষণ ও নির্মম হত্যার মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত স্বপ্না খাতুনের রায়ে সন্তোষ প্রকাশ করেছেন তার বাবা ও পরিবারের সদস্যরা। তারা জানিয়েছেন, এই রায়ের বিরুদ্ধে কোনো আপিল করা হবে না।

সোমবার (৮ জুন) রায় ঘোষণার পর নাটোরের সিংড়ায় নিজের গ্রামে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন স্বপ্নার বাবা জিহাদুল ইসলাম। তিনি জানান, পরিবারের সিদ্ধান্তের বাইরে গিয়ে স্বপ্না বিয়ে করে পালিয়ে যান, এরপর থেকেই তাকে পরিবারের সঙ্গে আর যুক্ত রাখা হয়নি।

তিনি বলেন, এমন ভয়াবহ অপরাধে আদালত যে রায় দিয়েছেন, সেটিকে তারা যথাযথ শাস্তি হিসেবে দেখছেন। একই সঙ্গে দ্রুত দণ্ড কার্যকরের প্রত্যাশাও ব্যক্ত করেন তিনি।

এলাকাবাসীরাও এই রায়ে সন্তোষ প্রকাশ করে জানিয়েছেন, নৃশংস এই ঘটনায় সমাজে গভীর ক্ষোভ তৈরি হয়েছিল। তাদের মতে, রায়ের মাধ্যমে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়েছে এবং দ্রুত সাজা কার্যকরের দাবি জানান তারা।

এর আগে রোববার (৭ জুন) ঢাকার শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুনকে মৃত্যুদণ্ড দেন। পাশাপাশি অর্থদণ্ডও দেওয়া হয়, যা ভুক্তভোগীর পরিবারকে দেওয়ার নির্দেশ রয়েছে আদালতের রায়ে।